গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০০১.৮৯ (১/২)-১৫০.

তারিখ : ৩০ চৈত্র ১৪২৯ / ১৩ এপ্রিল ২০২৩

বিষয় : নীলফামারী জেলার ডোমার উপজেলার ১ নং ভোগডাবুড়ী ইউনিয়নের ১, ২, ৮ ও ৯নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ ওবায়দুল্লাহ মানিক এর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সাব-রেজিস্ট্রার, সদর, নীলফামারী কর্তৃক তদন্তে আপনার বিরুদ্ধে (ক) ২৮/১০/২০১৯ খ্রি. তারিখে ২০ বছর ০১ মাস ২৬ দিন বয়সী নাবালক বর মোঃ রশিদুল ইসলাম, পিতা-মোঃ নুর ইসলাম এর বাল্য বিবাহ, (খ) ০৮/০৪/২০০৩ খ্রি. তারিখে ১৬ বছর ০৬ মাস ০৮ দিন বয়সী নাবালিকা কনে মোছাঃ খাদিজা আক্তার মনি, পিতা-আব্দুল আজিজ এর বাল্য বিবাহ এবং (গ) ০১/১২/২০১৯ খ্রি. তারিখে ২০ বছর ০৪ মাস ১৯ দিন বয়সী নাবালক বর মোঃ লিমন ইসলাম, পিতা-মিজানুর রহমান ও ১৭ বছর ১১ মাস ২৩ দিন বয়সী নাবালিকা কনে ইয়াছমিন, পিতা-মোঃ রমজান আলী এর বাল্য বিবাহ নিবন্ধন করা এবং একাধিক বিবাহ নিবন্ধন বহি ব্যবহারের অভিযোগ সাব-রেজিস্ট্রার, ডোমার, নীলফামারী কর্তৃক তদন্তে প্রমাণিত হওয়ায় আপনাকে কারণ দর্শানোর জন্য পত্র প্রেরণ করা হলে কারণ দর্শানোর কোন জবাব দাখিল না করায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় আপনার নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

স্বা.

(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক,

জনাব মোঃ ওবায়দুল্লাহ মানিক
সাবেক নিকাহ রেজিস্ট্রার, ১, ২, ৮ ও ৯ নং ওয়ার্ড
১ নং ভোগডাবুড়ী ইউনিয়ন
গ্রাম-পূর্ব ভোগডাবুড়ী, ডাকঘরঃ মুক্তিরহাট
উপজেলাঃ ডোমার, জেলাঃ নীলফামারী।

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০০১.৮৯ (১/২)-১৫০.

তারিখ : ৩০ চৈত্র ১৪২৯ / ১৩ এপ্রিল ২০২৩

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
০২। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
০৪। জেলা রেজিস্ট্রার, নীলফামারী (সংশ্লিষ্ট সাবেক নিকাহ্ রেজিস্ট্রারের নিকট হতে বিবাহ রেজিস্ট্রিকরণ সম্পর্কিত যাবতীয় রেকর্ডপত্র ও বালাম বহি সংগ্রহ করার জন্য এবং শূন্যঘোষিত এলাকায় নিকাহ্ রেজিস্ট্রি সংক্রান্ত কার্য পরিচালনার জন্য বিধি মোতাবেক অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য উক্ত এলাকার সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ্ রেজিস্ট্রারকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
০৫। সাব-রেজিস্ট্রার, ডোমার, নীলফামারী (০১ নং ভোগডাবুড়ী ইউনিয়নের ১, ২, ৮ ও ৯ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোঃ ওবায়দুল্লাহ মানিক এর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল হওয়ায় অধিক্ষেত্রটি শূন্য ঘোষণা করা হলো এবং শূন্যঘোষিত অধিক্ষেত্রে নিকাহ্ রেজিস্ট্রার নিয়োগের জন্য বিধি মোতাবেক প্যানেল প্রস্তুত করত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
০৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। অফিস কপি/ গার্ড ফাইল।

১৩/০৪/২০২৩

(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮